# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৩৭৪

১৫/ বিধি-বিধান ও বিচার (كتاب الأحكام عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ কোন জমির সীমা নির্ধারণ ও বণ্টন কার্য সম্পাদনের পর আর শুফ‘আর হক নেই।

باب مَا جَاءَ إِذَا حُدَّتِ الْحُدُودُ وَوَقَعَتِ السِّهَامُ فَلاَ شُفْعَةَ

আরবী

حَدَّثَنَا عَبْدُ بْنُ حُمَيْدٍ، أَخْبَرَنَا عَبْدُ الرَّزَّاقِ، أَخْبَرَنَا مَعْمَرٌ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ أَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ، عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " إِذَا وَقَعَتِ الْحُدُودُ وَصُرِّفَتِ الطُّرُقُ فَلاَ شُفْعَةَ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَقَدْ رَوَاهُ بَعْضُهُمْ مُرْسَلاً عَنْ أَبِي سَلَمَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ بَعْضِ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم مِنْهُمْ عُمَرُ بْنُ الْخَطَّابِ وَعُثْمَانُ بْنُ عَفَّانَ وَبِهِ يَقُولُ بَعْضُ فُقَهَاءِ التَّابِعِينَ مِثْلُ عُمَرَ بْنِ عَبْدِ الْعَزِيزِ وَغَيْرِهِ وَهُوَ قَوْلُ أَهْلِ الْمَدِينَةِ مِنْهُمْ يَحْيَى بْنُ سَعِيدٍ الأَنْصَارِيُّ وَرَبِيعَةُ بْنُ أَبِي عَبْدِ الرَّحْمَنِ وَمَالِكُ بْنُ أَنَسٍ وَبِهِ يَقُولُ الشَّافِعِيُّ وَأَحْمَدُ وَإِسْحَاقُ لاَ يَرَوْنَ الشُّفْعَةَ إِلاَّ لِلْخَلِيطِ وَلاَ يَرَوْنَ لِلْجَارِ شُفْعَةً إِذَا لَمْ يَكُنْ خَلِيطًا . وَقَالَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَغَيْرِهِمُ الشُّفْعَةُ لِلْجَارِ . وَاحْتَجُّوا بِالْحَدِيثِ الْمَرْفُوعِ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " جَارُ الدَّارِ أَحَقُّ بِالدَّارِ " . وَقَالَ " الْجَارُ أَحَقُّ بِسَقَبِهِ " . وَهُوَ قَوْلُ الثَّوْرِيِّ وَابْنِ الْمُبَارَكِ وَأَهْلِ الْكُوفَةِ .

বাংলা

১৩৭৪. আবদ ইবনু হুমায়দ (রহঃ) ...... জাবির ইবনু আবদুল্লাহ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, সীমা নির্ধারণ ও পথ পরিবর্তন সাধনের পর আর শুফ‘আ এর হক নেই। - ইবনু মাজাহ ৩৪৯৯, বুখারি, তিরমিজী হাদিস নম্বরঃ ১৩৭০ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, হাদীসটি হাসান-সহীহ। কেউ কেউ এটিকে আবূ সালামা-নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূত্রে মুরসালরূপেও বর্ণনা করেছেন। উমার ইবনুল খাত্তাব, উসমান ইবনু আফফান রাদিয়াল্লাহু আনহু

সহ কতক সাহাবী এই হাদীস অনুসারে আমল করেছেন। উমার ইবনু আবদুল আযীয প্রমুখ কতক তাবীঈ (রহঃ)-এরও এই অভিমত। ইয়াহইয়া ইবনু সাঈদ আনসারী, রাবীআ ইবনু আবূ আবদুর রহমান, মালিক ইবনু আনাস (রহঃ) সহ মদীনাবাসী আলিমদেরও এই অভিমত.ইমাম শাফিঈ, আহমাদ ও ইসহাক (রহঃ) এর বক্তব্যও এ-ই। তাঁরা মূল ভূমিতে শরীক ছাড়া কাউকে শুফ’আর অীধকার দেন না। প্রতিবেশী যদি শরীক না হয় তবে তার শুফ’আ নাই।

কতক সাহাবী ও অপরাপর আলিম বলেন, প্রতিবেশরীরও শুফ’আর হক আছে, তারা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে মারফুরূপে বর্ণিত নিম্নের হাদীসটিকে দলীল হিসাবে পেশ করেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, কোন বাড়ীর প্রতিবেশী -ই বাড়িটির অধিকতর হকদার। তিনি আরো বলেন, প্রতিবেশী তার ’সাকাব’’ অর্থাৎ শুফ’আর অধিক হকদার। এ হল ইমাম ছাওরী, ইবনু মুবারক ও কূফাবাসী আলিমগণের অভিমত।

## English

Narrated Jabir bin 'Abdullah:
that the Messenger of Allah (ﷺ) said: "When the boundaries are defined and the streets are fixed, then there is no preemption."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=21792

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন